# Times Today BD

সিনিয়র রিপোর্টার | জাতীয় | 29 May, 2025

অনির্দিষ্টকালের জন্য সপ্তাহের প্রতি সোম ও বৃহস্পতিবার সচিবালয়ে সব ধরনের দর্শনার্থী প্রবেশ স্থগিত করা হয়েছে।বৃহস্পতিবার (২৯ মে) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের যুগ্মসচিব মো. জামারা এক বিজ্ঞপ্তিতে এ তথ্য নিশ্চিত করেছেন।

এতে বলা হয়, উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, উপদেষ্টা পরিষদের সভা ও সার্বিক বিষয় বিবেচনায় সপ্তাহের প্রতি সোমবার এবং বৃহস্পতিবার পরবর্তী নির্দেশনা দেয়ার আগ পর্যন্ত বাংলাদেশ সচিবালয়ের অভ্যন্তরে সব ধরনের দর্শনার্থী প্রবেশ স্থগিত থাকবে।

বিজ্ঞপ্তিতে সংশ্লিষ্টদের এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে নির্দেশক্রমে অনুরোধ জানানো হয়েছে।

সচিবালয়

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 15:16

URL: https://www.timestodaybd.com/national/7758073094